নির্বাচন উন্মক্ত করে দিয়েছি জনগণ যাকে ভোট দেয় সেই নির্বাচিত হবেন- শেখ হাসিনা

ঝিনাইদহসহ ছয়টি জেলার সাথে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ভার্চুয়ালী জনসভা অনুষ্ঠিত হয়। আজ শনিবার (২৩ ডিসেম্বর) বিকালে ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ এই ভার্চুয়ালী জনসভায় সংযুক্ত হন। এতে জননেত্রী শেখ হাসিনা ন্ত্রেকোনা, কুষ্টিয়া, ঝিনাইদহ, সাতক্ষীরা, বরগুনা ও রাঙ্গামাটি জেলার সাথে আলাদা আলাদা ভাবে কথা বলেন।

সুচনা বক্তব্যে শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধুর হত্যার পর আমি ৬বছর দেশে ঢুকতে পারিনি আমি ১৯৮১ সালে রিফিউজি হিসেবে দেশে ঢুকেছি। দেশে এসে দেখি হাহাকার খাদ্যের অভাব, বিদুত্যের অভাব, সেশনজটসহ নানা সমস্যায় বাংলাদেশ নিমজ্জিত ছিল। আমরা ১৯৯৬সালে ক্ষমতায় আসারপর দেশের উন্নয়ন কাজে হাত দিই এর পর ২০০১সালে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ক্ষমতা হস্তান্তর করি। এরপর আবার উন্নয়ন থেমে যায়। ২০০৮ সালে আবার ক্ষমতায় এসে উন্নয়ন কাজে হাত দেই, বিএনপি দেশটাকে পিছনের দিকে নিয়ে যেতে চায়। বিএনপি জামায়াত আগুন সন্ত্রাস করেছে ভোটে না এসে তারা বিদেশের কাছে অভিযোগ নিয়ে ব্যস্ত আছে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে এজন্য গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখতে সবাই যেন ভোট দিতে আসতে পারে সেই ব্যবস্থা করতে হবে। আমি নির্বাচন উন্মুক্ত করে দিয়েছি জনগণ যাকে ভোট দেবেন তিনিই নির্বাচিত হবেন এজন্য আপনাদের জনগণের কাছে ভোট চেতে যেতে হবে। এছাড়া তিনি বক্তব্য শেষে সবাইকে নৌকা প্রতীকে ভোট দেওয়ার আহবান জানান।

নেত্রকোনা এবং কুষ্টিয়া শেষে ঝিনাইদহের সাথে যুক্ত হন শেখ হাসিনা ঝিনাইদহ থেকে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন এই ঝিনাইদহ এক সময় সন্ত্রাসের জনপদ ছিল, ছিল জামায়াত বিএনপির ঘাটি ২০০৮ সালে ক্ষমতায় আসার পর আমরা বারবার এমপি নির্বাচিত করে দিয়েছি। বিএনপি’র সেই সন্ত্রাসীর গড়ফাদার মসিউর রহমান মৃত্যু বরণ করেণ। এখন আর ঝিনাইদহের বিএনপি জাময়াতের সেই ক্ষমতা নেই এখন ঝিনাইদহ আওয়ামী লীগের ঘাটিতে পরিনত হয়েছে। ঝিনাইদহ খাদ্যে সয়ংসম্পুর্ণ হয়েছে মাছ, ধান কলা ফুল ব্যাপক ভাবে

উৎপাদন হয়। ফুল সংরক্ষণের জন্য একটি কোল্ডস্টোরেজ প্রয়োজন বলে দাবি করেন। এছাড়া ঝিনাইদহে রাস্তা ঘাট স্কুল কলেজের উন্নয়ন হয়েছে তারপরেও আমাদের প্রাণের দাবি ঝিনাইদহের সাথে রেল সংযোগ স্থাপন, শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ কে প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ভেটেরিনারী কলেজকে বিশ্ববিদ্যালয়ে রুপান্তরসহ বিভিন্ন উন্নয়নের দাবি তুলে ধরেণ।

তিনি আরও বলেন আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যাপক জনগোষ্টি ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে ভোট উৎসব পালন করবে। সর্বশেষে জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই ঝিনাইদহ থেকে ৪টি আসনে নৌকার বিজয় হবে আশা প্রকাশ করেন।